



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

BNGADSE03T-BENGALI (DSE1/2)

রবীন্দ্র পরবর্তী বাংলা কাব্য-কবিতা ও কাব্য-ভাবনা

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪ = ৪০

একক - ১

(ক) “শাস্ত্র শব্দটির যে মানে আমি ধরে নিয়েছি, সে হিসেবে পৃথিবীর কোনো গ্রন্থই শাস্ত্র হতে পারে না।” – ‘কি হিসেবে শাস্ত্র’ প্রবন্ধে ‘শাস্ত্র’ আইডিয়াটিকে জীবনানন্দ কীভাবে সময়-লাঞ্ছিত রূপে গ্রহণ করেছেন, তা’ বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

(খ) “যেখানে কোনো একজন রবীন্দ্রনাথ নেই, কিন্তু এমন কয়েকজন কবি আছেন যাঁরা সকলে মিলে একসঙ্গে উপস্থিত আছেন বলে কোনো দ্বিতীয় একক রবীন্দ্রনাথের প্রয়োজন নেই।” — কোন্ প্রসঙ্গে মন্তব্যটির অবতারণা ‘উত্তর রৈবিক বাংলা কাব্য’ প্রবন্ধ অনুসরণে তা আলোচনা করো। ১০

একক - ২

(গ) সাহিত্যের সত্য ও মঙ্গলবোধকে আবু সয়ীদ আইয়ুব তাঁর ‘অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা’ প্রবন্ধে কীভাবে আভাসিত করেছেন তার পরিচয় দাও। ১০

অথবা

(ঘ) “আজকের কবিরা ‘অগ্রজের অটল বিশ্বাস’ হারিয়েছেন।” — ‘আধুনিক কাব্যের সমস্যা : বিশ্বাস’ অনুসরণে নব্যতন্ত্রী কবিদের অবিশ্বাস ও সংশয়ের কারণগুলি নির্দেশ করো। ১০

একক - ৩

(ঙ) নিরাশ্বাসের বস্ত্র-পরিবেশকে মেনে নিয়েও তা’ থেকে উত্তরণের ব্যঞ্জনা কীভাবে সুভাষ মুখোপাধ্যায়ের ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় বাজায় হ’য়ে উঠেছে — তা’ আলোচনা করো। ১০

অথবা

(চ) লিরিকের প্রসারণে, গভীরতায় আর বৈচিত্র্যে অনন্য শক্তি চট্টোপাধ্যায়ের ‘আনন্দ ভৈরবী’। — মন্তব্যটি কতদূর যথার্থ তা’ বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

একক - ৪

- (ছ) দ্বিধাশ্রিত মানুষ আর সংকটাপন্ন সময়ের নির্যাস পুরাণের রূপকল্পে কীভাবে সাকার হয়ে উঠেছে শঙ্খ ঘোষের কবিতায়, ‘অন্ধবিলাপ’ কবিতাটি বিশ্লেষণ করে তা’ বুঝিয়ে দাও। ১০
- অথবা
- (জ) রবীন্দ্রনাথের বিপুল-ব্যাপ্ত সত্তা কীভাবে গ্রামীণ অনুভবকে স্পর্শ করে আছে, — কবি বিনয় মজুমদারের ‘রবীন্দ্রনাথ’ কবিতা অনুসরণে তার পরিচয় দাও। ১০
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২= ১০
- (ক) “ইতিহাসবেদের দরকার - এবং সমাজবেদের; কিন্তু সব কবিতায়ই একইভাবে, অথবা কোনো কবিতায়ই উত্তমর্গ হিসেবে নয়; কবিতার চেয়ে তার উপকরণ বড় হবে না।” - কোন্ প্রসঙ্গে কবি-প্রাবন্ধিকের এই মন্তব্য ? বক্তব্যটির নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (খ) “.... কিন্তু ফ্রান্স-এ সিন্সলিস্ট প্রচেষ্টার উৎস এইখানে।” ৫
— ফ্রান্স-এ ‘সিন্সলিস্ট প্রচেষ্টার উৎস’ কোথায় তা’ নির্দেশ করো।
- (গ) “রাঞ্জাম্বুর জনসমুদ্রের ফেনিল চূড়ায় ২+৩
ফসফরাসের মত জ্বলজ্বল করতে থাকল
মিছিলের সেই মুখ।”
— ‘মিছিলের মুখ’ এখানে কিসের প্রতীক ? তা’ কীভাবে কবিকে উদ্দীপিত করেছে, সংক্ষেপে বুঝিয়ে দাও।
- (ঘ) ‘পালিত পায়রাদের হাঁটা, ওড়া, কূজনের মতো ১+৪
তোমাকে বেসেছি ভালো;’
— কোন্ কবিতার অংশ ? উদ্ধৃতাংশটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—